

**কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৮ (আট) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে
গুচ্ছ পদ্ধতিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি**

কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৮ (আট) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণিতে ভর্তিচ্ছু আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা

ক্রম	বিশ্ববিদ্যালয়ের নাম	আসন সংখ্যা
১.	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	১১১৬
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর	৩৬০
৩.	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	৭০৪
৪.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৪৪৩
৫.	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	২৪৫
৬.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট	৪৩১
৭.	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা	১৫০
৮.	হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ	৯০
সর্বমোট =		৩৫৩৯

২। আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক)	২০১৭/২০১৮/২০১৯ সালে এসএসসি/সম্মান এবং ২০২০/২০২১ সালে এইচএসসি/সম্মানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে।
খ)	আবেদনকারীর এসএসসি/সম্মান এবং এইচএসসি/সম্মানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে।
গ)	জিসিই O এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে। এক্ষেত্রে A ও B গ্রেডের জন্য যথাক্রমে ৫ ও ৪ জিপিএ গণনা করা হবে।

৩। আবেদনের সময়সীমা ও ফি

ক)	আবেদন গ্রহণের সময়সীমা ১৭-০৭-২০২২ তারিখ থেকে ১৬-০৮-২০২২ তারিখ পর্যন্ত
খ)	আবেদন ফি টাকা ১২০০/- (এক হাজার দুইশত) মাত্র (ট্রান্সজেকশন চার্জ ব্যতীত)

৪। ভর্তি পরীক্ষার কেন্দ্র

ক)	ভর্তি পরীক্ষা ৭ (সাত) টি কেন্দ্র যথা- ১. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; ২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর; ৩. শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা; ৪. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী; ৫. চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম; ৬. সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এবং ৭. খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অধীনে একযোগে অনুষ্ঠিত হবে।
খ)	পরীক্ষা কেন্দ্রসমূহের তালিকা অনুযায়ী আবেদনকারীকে ১ থেকে ৭ পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রম উল্লেখ করতে হবে। আবেদনকারীর পছন্দক্রম অনুযায়ী পরীক্ষা কেন্দ্রের আসন শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে।

৫। লিখিত নির্বাচনী পরীক্ষা

ক)	MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা আগামী ১০ সেপ্টেম্বর ২০২২ শনিবার বেলা ১১:৩০ থেকে ১২:৩০ পর্যন্ত উপর্যুক্ত ৭ (সাত) টি কেন্দ্র ও প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক উপকেন্দ্রের অধীনে একযোগে অনুষ্ঠিত হবে।
খ)	এইচএসসি/সম্মান পর্যায়ে ইংরেজিতে ১০, প্রাণিবিজ্ঞানে ১৫, উদ্ভিদবিজ্ঞানে ১৫, পদার্থবিজ্ঞানে ২০, রসায়নে ২০ এবং গণিতে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ (এক) নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

৬। মেধা স্কোর

মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সম্মানের জন্য ২৫ এবং এইচএসসি/সম্মানের জন্য ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করে মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

৭। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলি

আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য acas.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং ভর্তি কমিটি যে কোন সিদ্ধান্ত পরিবর্তন ও পরিমার্জনের অধিকার রাখে।

১৪-০৭-২০২২
প্রফেসর ড. মো: শহীদুর রশীদ ভূঁইয়া
ভাইস-চ্যান্সেলর
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
এবং
সভাপতি, কেন্দ্রীয় ভর্তি কমিটি
কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২১-২০২২